

সংরক্ষিত তহবিল : সংরক্ষিত তহবিল শুরু করা হয় ১৯৬৯ খ্রিস্টাব্দে, বর্তমানে প্রায় ১,৮৮৩,০৯১ টাকা আমানত রয়েছে।  
 বিল্ডিং তহবিল : বিল্ডিং তহবিল ১৯৮৮ খ্রিস্টাব্দে শুরু কর হয়। সমিতির ক্রয়কৃত নিজস্ব জমিতে অফিস নির্মাণ সমিতির কার্যালয় স্থাপন করতে এ তহবিল ব্যবহার করা হবে।  
 সমবায় উন্নয়ন তহবিল : সমবায় উন্নয়ন তহবিল ১৯৮৮-৯০ খ্রিস্টাব্দে শুরু কর হয়।  
 প্রভিডেন্ড ফান্ড : প্রভিডেন্ড ফান্ড ২০০০-২০০১ খ্রিস্টাব্দে শুরু কর হয়।  
 গ্র্যাচুয়িটি ফান্ড : গ্র্যাচুয়িটি ফান্ড ১৯৯৬-৯৭ খ্রিস্টাব্দে শুরু কর হয়।  
 সিউরিটি রিলিস কার্যক্রম : সিউরিটি রিলিস কার্যক্রম ২০০৩ খ্রিস্টাব্দে শুরু কর হয়।  
 ভূমি উন্নয়ন কার্যক্রম : ভূমি উন্নয়ন কার্যক্রম ২০০২-০৩ অর্থ বছরে শুরু কর হয়।  
 কু-ঋণ তহবিল : কু-ঋণ কার্যক্রম ২০০২-০৩ অর্থ বছরে শুরু করা হয়।  
 বার্ষিক ছুটি তহবিল : বার্ষিক ছুটি তহবিল ২০০৫-০৬ অর্থ বছরে শুরু কর হয়।

## সামাজিক কার্যক্রমে অংশ গ্রহন

অনুদান ও শিক্ষা সহায়তা প্রদান

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড বিভিন্ন সামাজিক সংগঠনকে তাদের নিয়মিত কার্যক্রম পরিচালনা করার জন্য বিশেষ অনুদান দিয়ে থাকে। মিশনের দ্রুত অথচ মেধাবী ছাত্র-ছাত্রীদের বিভিন্ন পর্যায়ে এক কালীন শিক্ষা সহায়তা করে আসছে।

## মৃত সদস্য-সদস্যদের সৎকার

খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেডের সদস্য কোন খ্রিস্টভক্ত মৃত্যুবরণ করেন তাদের প্রতিজনের সৎকারের জন্য ২,০০০ টাকা করে প্রদান করা হয়।

পাস্টরাল তহবিলে টাকা প্রদান

খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড প্রতি বছর একটি নির্দিষ্ট পরিমাণ টাকা পাস্টরাল তহবিলে জমা দিয়ে থাকেন। এ কার্যক্রম ২০১০-২০১ অর্থবছর থেকে শুরু করা হয়।

## মঠবাড়ী খ্রিস্টান সমবায় ঋণদান সমিতির কিছু অর্জন

সমিতির কর্মকর্তাগণ সদস্যদের আর্থিক উন্নয়নের জন্য কাজ করতে করতে কখন যে, সমিতিকে বড় মাপের সমিতি তৈরী করে ফেলেছেন তা তারা নিজেরাও জানতে পারেননি। কখন যে এরা অন্যের চোখে সমিতি ও নিজেকে বড় করে তুলেছেন তা তারা তা বুঝতেও পারেননি। তাই বিভিন্ন সময়ে থানা, জেলা বা জাতীয় পর্যায়ে সমিতির বিভিন্ন সম্মাননায় ভূষিত করা হয়েছে। সেই সাথে অর্জিত হয়েছে ব্যক্তিগত কিছু অর্জন। সমিতির শুরু থেকে আজ পর্যন্ত কয়েকটি বড় অর্জনের কথা তুলে ধরা হলো।

### উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ সমবায় সমিতি ২০১০

“সমবায়ই শক্তি” এ মূলসুরকে সামনে রেখে ২০১০ খ্রিস্টাব্দে উপজেলা পর্যায়ে আয়োজন করা হয় ৩৯তম জাতীয় সমবায় দিবস-২০১০ খ্রিস্টাব্দ। এ সমবায় দিবসে মঠবাড়ী খ্রিস্টান কো-আপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ-কে কালীগঞ্জ উপজেলা সমবায় কার্যালয় থেকে উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ সমবায় সমিতি হিসাবে ঘোষণা করে এবং সম্মাননা প্রদান করা হয়।

### শ্রেষ্ঠ সমবায় সমিতি পুরস্কার ২০০৪

স্বনির্ভর বাংলাদেশ গড়ায়-সমবায় এ প্রতিপাদ্যকে সামনে রেখে দেশ গড়ার কাজে বিশেষ অবদানের জন্য বিগত ২০০৪ খ্রিস্টাব্দে মঠবাড়ী খ্রিস্টান কো-আপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ-কে ৩৩তম জাতীয় সমবায় দিবস ২০০৪ এ শ্রেষ্ঠ সমবায় সমিতি হিসাবে স্বীকৃতি প্রদান করা হয় এবং সম্মাননা প্রদান করা হয়।